

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার

ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
www.moulvibazar.gov.bd

স্মারক নম্বর ০৫.৪৬.৫৮০০.০০৫.১৩.০০১.২৪- ২৬৯

তারিখ: ০৮ বৈশাখ ১৪৩১
১৮ এপ্রিল ২০২৪

বিষয় : ৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪ উপলক্ষ্যে মনোনয়নপত্র দাখিলকারীগণের তথ্য সংগ্রহ ও মনোনয়নপত্র বাছাইকালে উপস্থিত থাকা প্রসঙ্গে।

সূত্র : স্মারক নম্বর- ০৫.৪৬.৫৮০০.০০৫.১৩.০০১.২৪-২২৭/২২৮ তারিখ : ০৩ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে মৌলভীবাজার জেলার মৌলভীবাজার সদর ও রাজনগর উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে আগামী ২১ মে ২০২৪ তারিখ ভোটগ্রহণের দিন ধার্য করে ইতোমধ্যে গণবিজ্ঞপ্তির জারী করা হয়েছে। ঘোষিত গণবিজ্ঞপ্তি অনুযায়ী মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ আগামী ২১ এপ্রিল ২০২৪ তারিখ বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত।

০২। উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ৮(২) (জ), (ঝ), (ঞ) ও (ট) নিম্নে উদ্ধৃত করা হলো-

"(জ) কোন সমবায় সমিতি এবং সরকারের মধ্যে সম্পাদিত চুক্তি ব্যতীত, সংশ্লিষ্ট উপজেলা এলাকায় সরকারকে পণ্য সরবরাহ করার জন্য বা সরকার কর্তৃক গৃহীত কোন চুক্তির বাস্তবায়ন বা সেবা কার্যক্রম সম্পাদনের জন্য, তাঁর নিজ নামে বা তাঁর ট্রাস্টি হিসেবে কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গের নামে বা তাঁর সুবিধার্থে বা তাঁর উপলক্ষ্যে বা কোন হিন্দু যৌথ পরিবারের সদস্য হিসেবে তাঁর কোন অংশ বা স্বার্থ আছে এরূপ চুক্তিতে আবদ্ধ হয়ে থাকেন;

(ঝ) তার পরিবারের কোন সদস্য সংশ্লিষ্ট উপজেলার কার্য সম্পাদনে বা মালামাল সরবরাহের জন্য ঠিকাদার নিযুক্ত হন বা এর জন্য নিযুক্ত হন বা এর জন্য নিযুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের অংশীদার হন বা উপজেলার কোন বিষয়ে তাঁর কোন প্রকার আর্থিক স্বার্থ থাকে;

(ঞ) মনোনয়নপত্র জমা দেয়ার তারিখে কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত কোন ঋণ মেয়াদোত্তীর্ণ অবস্থায় আনাদায়ী রাখেন;

(ট) এমন কোন কোম্পানীর পরিচালক বা ফার্মের অংশীদার হন যার কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত কোন ঋণ বা উহার কোন কিস্তি, মনোনয়নপত্র জমা দেয়ার তারিখে পরিশোধে খেলাপী হয়েছেন,"


০৩। দাখিলকৃত মনোনয়নপত্রসমূহ নিম্নোক্ত সময়সূচী ও স্থানে বাছাই করা হবে।

"মনোনয়নপত্র বাছাইয়ের সময়সূচী"

ক্রমিক নং	উপজেলার নাম	পদের নাম	মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	মনোনয়নপত্র বাছাইয়ের সময়	মনোনয়নপত্র বাছাইয়ের স্থান
০১	রাজনগর	চেয়ারম্যান	২৩ এপ্রিল ২০২৪ (মঙ্গলবার)	সকাল ১০.০০ টা	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, মৌলভীবাজার
		ভাইস চেয়ারম্যান			
		মহিলা ভাইস চেয়ারম্যান			
০২	মৌলভীবাজার সদর	চেয়ারম্যান	২৩ এপ্রিল ২০২৪ (মঙ্গলবার)	দুপুর ১২.০০ টা	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, মৌলভীবাজার
		ভাইস চেয়ারম্যান			
		মহিলা ভাইস চেয়ারম্যান			

০৪। মনোনয়নপত্র দাখিলকারীগণের বিরুদ্ধে ঋণ খেলাপী/আয়কর/মামলা/অন্যান্য কোন অভিযোগ/অযোগ্যতা থাকলে মনোনয়নপত্র বাছাইকালে রিটার্নিং অফিসারের কার্যালয়ে নিজে/ উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে উপস্থিত থেকে আপত্তি (প্রমাণাদিসহ) উপস্থাপন করার জন্য অনুরোধ করা হলো।

প্রাপক :
.....
.....


(মোঃ আব্দুস সালাম চৌধুরী)
অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)
মৌলভীবাজার


ও
রিটার্নিং অফিসার
(মৌলভীবাজার সদর ও রাজনগর)
৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪

স্মারক নম্বর ০৫.৪৬.৫৮০০.০০৫.১৩.০০১.২৪-২৬৯/(২৩)

তারিখ : ০৫ বৈশাখ ১৪৩১
২৮ এপ্রিল ২০২৪

সদয় অবগতি/অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৩. জেলা প্রশাসক, মৌলভীবাজার
৪. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট অঞ্চল, সিলেট
৫. পুলিশ সুপার, মৌলভীবাজার
৬. জেলা নির্বাচন অফিসার, মৌলভীবাজার
৭. উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর/রাজনগর ও সহকারী রিটার্নিং অফিসার
৮. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মৌলভীবাজার
৯. জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার
১০. উপজেলা নির্বাচন অফিসার, মৌলভীবাজার সদর/রাজনগর, মৌলভীবাজার
১১. অফিসার ইন চার্জ, (সংশ্লিষ্ট) থানা, মৌলভীবাজার
১২. সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, মৌলভীবাজার


(মোঃ আব্দুস সালাম চৌধুরী)
অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)
মৌলভীবাজার
ও
রিটার্নিং অফিসার